সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মেঃই-১/ স:ই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ 12/02/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের ডিসেম্বর ২০১৯ মাসের জিওবি অর্থায়নে বাস্তবায়িত এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সভার তারিখ	২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১:০১ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

১. উপস্থাপনা :

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৭৭টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৫০টি জিওবি অর্থায়নে, ১৮টি প্রকল্প সাহায্য এবং ৯টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২৪৯১৯.২৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১৫৫৬৩.৬২ কোটি টাকা। সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের মতামত উপস্থাপন করেন। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অর্থ ব্যয় পরিস্থিতি, বাস্তবায়ন সমস্যা এবং সম্ভাব্য সমাধানের উপায় নিয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

২. আলোচনা ও সিদ্ধান্ত :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ এডিপি বাস্তবায়ন	সভায় আলোচনা করা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত জিওবি অর্থের ৩০.২৩% ব্যয় হয়েছে। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি **(সংযুক্ত ছক)**-এ দেয়া হয়েছে। সভায় জানানো হয় যে, ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এডিপি বাস্তবায়ন হার ২৬.৪৪%। যা জাতীয় গড় ২৬.০০% এর তুলনায় সামান্য বেশী। যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের তুলনায় কম সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং পরবর্তী এডিপি পর্যালোচনা সভায় অগ্রগতির তথ্য পেশ করার পরামর্শ প্রদান করা হয়। ভূমি অধিগ্রহণ নিশ্চিত করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা দেয়া হয়।	ক) যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের তুলনায় কম সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা উদ্ভুত হলে তা নিরসনে পিআইসি ও পিএসসি সভা আয়োজন করে কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে। গ) ভূমি অধিগ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা প্রধান, প্রকল্প পরিচালকগণ ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল সড়ক জোন

২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প	সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০ অর্থবছরের সমাপ্য প্রকল্পের তালিকা অনুসারে মোট ৪১টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। এর মধ্যে সওজ অধিদপ্তরের ৩৭টি, ডিটিসিএ'র ০৩টি ও বিআরটিসি'র ০১টি প্রকল্প রয়েছে। সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। সভায় জানানো হয় যে, যেসব প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হবে তার পূর্ণাঙ্গ তালিকা সওজ অধিদপ্তর কর্তৃক এ বিভাগে প্রেরণ করা হয়নি।	ক) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। খ) যেসব প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করত হবে তার পূর্ণাঙ্গ তালিকা এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। যে সকল প্রস্তাব পরিকল্পনা কমিশন/আইএমইডিতে প্রেরণ করা হয়েছে বা হয়নি তা প্রণীত তালিকায় উল্লেখ করতে হবে।	সকল সংস্থা, প্রকল্প পরিচালকগণ
২.৩ পিসিআর	সভায় অবহিত করা হয় যে, ২০১৮-১৯ অর্থবছরে এ বিভাগের আওতায় ৩২টি প্রকল্প সমাপ্ত হয়েছে। কিন্তু, এখনো ৮টি প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ করা হয়নি। সমাপ্তকৃত ৮টি প্রকল্পের পিসিআর জরুরীভিত্তিতে আইএমইডি'তে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	সমাপ্তকৃত ৮টি প্রকল্পের পিসিআর জরুরিভিত্তিতে এ বিভাগের মাধ্যমে আইএমইডি'তে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা
২.৪ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প)	সভায় অবহিত করা হয় যে, বরিশাল জোনের গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপি প্রতি পাতায় স্বাক্ষর ব্যতিরেকে এ বিভাগে প্রেরণ করায় পরবর্তী প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। ডিপিপি সংশোধন বিলম্বে প্রক্রিয়াকরণ করায় ইতোমধ্যে প্রকল্প পরিচালককে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। এ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলীগণ ও প্রকল্প পরিচালক ডিপিপির প্রতি পাতায় স্বাক্ষর করার নির্দেশনা প্রদান করা হয় এবং ভবিষ্যতে এ ব্যাপারে সতর্ক থাকার নির্দেশনা দেয়া হয়। গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক প্রকল্পসমূহের কার্যক্রম তদারকি করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে নিয়মিত মনিটরিং করার পরামর্শ দেয়া হয়।	ক) বরিশাল জোনের গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলীগণ ও প্রকল্প পরিচালক প্রকল্পের ডিপিপি ভূলত্রুটি সংশোধন করতঃ ডিপিপির প্রতি পাতায় স্বাক্ষর নিশ্চিত করবেন। খ) ডিপিপি প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ ভবিষ্যতে সতর্কভাবে ডিপিপি/আরডিপিপি প্রনয়ণ করবেন। গ) গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক প্রকল্পসমূহের কার্যক্রম তদারকি করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ নিয়মিত মনিটরিং করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।	প্রকল্প পরিচালক (সকল জোন)
২.৫ ফেরী ও পন্টুন নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প	ভাকে জানানো হয় যে, যে সকল মালামাল বন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে বিলম্ব মাসুল পরিহার করে সেগুলো ছাড়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সওজ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, বন্দর থেকে মালামাল খালাসের জন্য ডিপিপিতে অর্থ সংস্থান না থাকায় জরুরী ভিত্তিতে রাজস্ব খাত থেকে এ পর্যায়ে ২ কোটি টাকা প্রয়োজন হবে। এ বিষয়ে প্রযোজনীয় নির্দেশনা/ব্যবস্থা গ্রহনের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হয়। আগামী সভায় এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করার জন্য বলা হয়।	(ক) বিলম্ব মাসুল পরিহার করে মালামাল খালাসের ব্যবস্থা করতে হবে। সওজ এর রাজস্ব খাত হতে এ পর্যায়ে জরুরীভাবে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে। (খ) প্রধান প্রকৌশলী এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ করবেন এবং আগামী সভায় এ বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করবেন।	প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মেকানিক্যাল)

২.৬ নতুন অনুমোদিত প্রকল্প	ওজ অধিদপ্তর কর্তৃক অবহিত করা হয় যে, নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও প্যাকেজভিত্তিক ক্রয়পরিকল্পনা প্রনয়ণের জন্য মাঠ পর্যায়কে নির্দেশনা প্রদান করা হয়েছে। আগামী ১৬/০২/২০২০ তারিখের মধ্যে নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও প্যাকেজভিত্তিক ক্রয়পরিকল্পনা এ বিভাগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/অনুশাসনের পরিপ্রেক্ষিতে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার জন্য নির্দেনা দিয়ে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন, বাস-বে নির্মাণ, চালকদের জন্য মহাসড়কে বিশ্রামাগার নির্মাণ ইত্যাদি প্রকল্প বাস্তবায়নে বিশেষ নজর দেয়ার জন্য বলা হয়। প্রসঙ্গক্রমে অতিত অভিজ্ঞতার আলোকে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের জন্য উন্নতমানের যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় করার পরামর্শ দেয়া হয়, যাতে রক্ষণাবেক্ষণ ব্যয় ন্যুনতম হয় এবং টেকসই দীর্ঘমেয়াদি সেবা নিশ্চিত করা যায়। এ কাজের জন্য কনফিগারেশন/স্পেসিফিকেশণ, দরপত্র দলিল ইত্যাদি প্রনয়নে সওজ অধিদপ্তরের মেকানিক্যাল উইং এর সহযোগিতা/পরামর্শ নেয়া কিংবা বিভিন্ন কমিটিতে মেকানিক্যাল উইং এর কর্মকর্তাদেরকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।	(ক) নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও প্যাকেজভিত্তিক ক্রয়পরিকল্পনা আগামী ১৬/০২/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। (খ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/অনুশাসনের পরিপ্রেক্ষিতে গৃহীত এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন, বাস-বে নির্মাণ, চালকদের জন্য মহাসড়কে বিশ্রামাগার নির্মাণ ইত্যাদি প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে হবে। (গ) টেকসই দীর্ঘমেয়াদি সেবা নিশ্চিত করা ও রক্ষণাবেক্ষণ ব্যয় ন্যুনতম পর্যায়ে রাখার লক্ষ্যে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্রের জন্য উন্নতমানের যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় করতে হবে। এ কাজের যন্ত্রপাতি/সরঞ্জামাদির কনফিগারেশন/স্পেসিফিকেশণ, দরপত্র দলিল ইত্যাদি প্রনয়নে সওজ অধিদপ্তরের মেকানিক্যাল উইং এর সহযোগিতা/পরামর্শ গ্রহণ এবং কমিটিতে মেকানিক্যাল উইং এর উপযুক্ত প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যেতে পারে।	সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী(মেকানিক্যাল)
২.৭ অননুমোদিত প্রকল্প	সভায় জানানো হয় যে, গৃহীতব্য উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক তা অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত ড্রইং, ডিজাইন সওজ অধিদপ্তর কর্তৃক সরেজমিন যাচাই করে তা গ্রহণ নিশ্চিত করার বিষয়ে সওজ অধিদপ্তর কর্তৃক কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত ড্রইং, ডিজাইন সওজ অধিদপ্তর কর্তৃক সরেজমিন যাচাই করে তা গ্রহণ নিশ্চিত করার বিষয়ে সওজ অধিদপ্তর কর্তৃক কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা প্রতিবেদন আকারে এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ
২.৮ সড়কের সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি নিশ্চিতকরণ	সভায় অবহিত করা হয় যে, নতুন প্রকল্পের ক্ষেত্রে বাস্তব চাহিদার ভিত্তিতে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এছাড়া, চলমান প্রকল্পের আওতায় সড়কসমূহে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি স্থাপন করা হচ্ছে। চলমান প্রকল্পসমূহের আওতায় সড়কসমূহে স্থাপিত সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদির তথ্য ডাটাবেজ আকারে সংরক্ষণ করার নির্দেশনা দেয়া হয়।	চলমান প্রকল্পসমূহের আওতায় সড়কসমূহে স্থাপিত সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদির তথ্য ডাটাবেজ আকারে সংরক্ষণ করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ

২.৯ বিবিধ	এডিপি রিভিউ সভার বিবিধ অংশে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুসারে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। সওজ অধিদপ্তর কর্তৃক এডিপি রিভিউ সভার জন্য প্রেরিত জোনভিত্তিক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে আবশ্যিকভাবে প্রকল্পের মেয়াদকাল উল্লেখ করার নির্দেশনা দেয়া হয়। এডিপি রিভিউ সভার জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে সোশ্যাল এন্ড এনভায়নমেন্ট সার্কেল এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন পৃথকভাবে প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। ২০২০-২০২১ অর্থবছরের এডিপি প্রণয়নের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের এডিপি প্রণয়নের তথ্য নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) এডিপি রিভিউ সভার বিবিধ অংশে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুসারে প্রেরণ নিশ্চিত করতে হবে। খ) সওজ অধিদপ্তর কর্তৃক এডিপি রিভিউ সভার জন্য প্রেরিত জোনভিত্তিক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে আবশ্যিকভাবে প্রকল্পের মেয়াদকাল উল্লেখ করে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। গ) এডিপি রিভিউ সভার জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে সোশ্যাল এন্ড এনভায়নমেন্ট সার্কেল এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন পৃথকভাবে প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ঘ) ২০২০-২০২১ অর্থবছরের এডিপি প্রণয়নের তথ্য নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং

৩. আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৮.১৯.৬৩ তারিখ: ২৬ মাঘ ১৪২৬
০৯ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
১১) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
১২) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
১৩) যুগ্ম সচিব, বিআরটিসি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান